



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নম্বর: পনি/পিএ... ৬৩৫

১৮ নভেম্বর, ২০২০ খ্রি.

বিষয়: গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স-এ অংশগ্রহণ প্রসংগে

সূত্র: এ বোর্ডের প্রশাসন শাখার ১৬/১১/২০২০ তারিখের প্রশা-৫/১৩০(২১)/৩০৩৫ নং স্মারক পত্র


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রফেসর ড. মুনতাসীর মামুন পরিচালিত “৭১ গণহত্যা-নির্যাতন আর্কাইভ ও জাদুঘর” ট্রাস্টের অধীনে গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র থেকে নিয়মিত “গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ ১৯৭১” শীর্ষক একটি প্রশিক্ষণ কোর্স পরিচালিত হচ্ছে। ইতোমধ্যে বিভিন্ন জেলায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের ৩০০ এর অধিক গবেষণামূলক গ্রন্থ এ প্রতিষ্ঠান প্রকাশ করেছে। একাত্তরের গণহত্যার সঠিক ইতিহাস তুলে ধরার লক্ষ্য নিয়ে যশোর শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠান প্রধান/মনোনীত শিক্ষকগণের অংশগ্রহণে গণহত্যা যাদুঘরের সাথে যৌথ আয়োজক হিসেবে যশোর শিক্ষা বোর্ড উপর্যুক্ত বিষয়ে প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে যাচ্ছে।

এটি একটি সার্টিফিকেট কোর্স হলেও উচ্চতর ডিগ্রির ন্যায় এ কোর্স ১ ক্রেডিট=৮ ঘণ্টা হিসেবে মোট ১৫ ক্রেডিটেরও বেশি হবে। শ্রেণিকক্ষ আলোচনা ছাড়াও মুক্তিযুদ্ধ ও গণহত্যা বিষয়ক একটি গবেষণামূলক কার্যক্রম সম্পন্ন করা সকল প্রশিক্ষণার্থীর জন্য বাধ্যতামূলক। গবেষণা পদ্ধতি প্রশিক্ষণার্থীদের হাতে-কলমে শেখানো হবে।

কোর্সটি সপ্তম ব্যাচ হিসেবে আগামী ০৪ ডিসেম্বর হতে প্রতি সপ্তাহে দুদিন (শুক্র ও শনিবার) যশোর শিক্ষা বোর্ডের মিলনায়তনে প্রশিক্ষণ চলবে। দেশবরেণ্য ব্যক্তিবর্গ, অধ্যাপক, মুক্তিযোদ্ধা, লেখক, গবেষক এ কোর্সটিতে প্রশিক্ষণ প্রদান করবেন।

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীতে মুক্তিযুদ্ধ বিষয়ক পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং কোর্স গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দিপু মনি, এম.পি শূভ উদ্বোধন করতে সদয় সম্মতি জাপন করেছেন।

উক্ত ট্রেনিং কোর্স-এ অংশগ্রহণের নিমিত্তে আগ্রহী প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকগণের অত্রসাথ সংযুক্ত আবেদন ফরমের (কতৃপক্ষের সুপারিশসহ) সাথে কোর্স ফি ২৫০০ (দুই হাজার পাচশত) টাকা নিম্ন স্বাক্ষরকারীর নিকট ২৫ নভেম্বর, ২০২০ তারিখের মধ্যে জমাধানের জন্য অনুরোধ করা হলো।

 ১৮/১১/২০২০

(প্রফেসর মাখব চন্দ্র রুদ্র)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ও

গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং

যশোর বোর্ডের পক্ষে ব্যবস্থাপনা কমিটির আহ্বায়ক

ফোন: ০৪২১-৬৮৬৬৬

প্রয়োজনে ফোন করুন: ০৪২১-৬৮৬৫১, ০১৭১১৯৮৮১১২, ০১৭৩৩২২২১১১, ০১৭১৫০৮৪৫৮৪

# গণহত্যা-নির্যাতন ও মুক্তিযুদ্ধ বিষয়ক গবেষণা কেন্দ্র

২৭৮/৬, সোনাডাঙ্গা আবাসিক এলাকা (২য় ফেইজ), খুলনা-৯০০০।

টেলিফোন: ০৪১-৭৩৩৭৮৮, মোবাইল: ০১৮১৬২৮৮৬৭৪, ০১৮৪৩৩৭৭৭৩৩

ই-মেইল: archivemuseum1971@gmail.com ওয়েবসাইট: www.genocidemuseumbd.org

## আবেদন ফরম

পোস্ট গ্র্যাজুয়েশন ট্রেনিং (পিজিটি)

সপ্তম ব্যাচ

১) পূর্ণ নাম (বাংলায়) :

(ইংরেজিতে) :

২) পিতা/স্বামীর নাম :

পেশা :

৩) মাতার নাম :

পেশা :

৪) জন্ম তারিখ :

(মাধ্যমিক/সমমানের পরীক্ষার সনদপত্র অনুযায়ী)

৫) স্থায়ী ঠিকানা :

৬) বর্তমান ঠিকানা :

৭) টেলিফোন/মোবাইল নম্বর :

৮) ই-মেইল :

৯) শিক্ষাগত যোগ্যতা :

১০) বর্তমান পেশা/কর্মস্থল :

১১) যোগাযোগের পূর্ণ ঠিকানা :

পূরণকৃত আবেদন ফরমের সাথে জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, সকল শিক্ষা সনদের সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা দুই কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

পরিচালক এর স্বাক্ষর ও তারিখ